



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৩৫/৩০

তারিখ : ০৩-০৩-২০২৪ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : ক) গত ০৫-১২-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮৩তম সভার ০৬ (ছয়) নং ক্রমিকের সিদ্ধান্ত।
খ) বাদী সভাপতি জনাব আব্দুস সালাম সর্দার-এর ১০-১০-২০২২ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-১৮৫৮৩)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার মহম্মদপুর উপজেলাধীন “রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়” এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর বিভিন্ন অনৈতিক কার্যকলাপ, এমপিও জালিয়াতী, নিজের নিয়োগ জালিয়াতী, প্রতিষ্ঠানের দোকান ঘর ভাড়ার রেজুলেশন ও আর্থিক অনিয়মের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৩৫/৩০(১-৬)

তারিখ : ০৩-০৩-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা।
- ৩। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়, মহম্মদপুর, মাগুরা।
- ৪। প্রধান শিক্ষক, রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়, মহম্মদপুর, মাগুরা।
- ৫। সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল কালাম আজাদ, রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়, মহম্মদপুর, মাগুরা।
- ৬। সংরক্ষণ নথি।


০৩/০৩/২০২৪
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর


০৩/০৩/২৪

রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর: কাওড়া, উপজেলা: মহম্মদপুর, জেলা: মাগুরা।

EIIN No: 118030. বিদ্যালয়ের এম.পি.ও কোড নং: ৫৭০২০৭১৩০৩

প্রেরক: সভাপতি, রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়।

প্রাপক: বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।


বিষয়: রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে স্থায়ী অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমি আব্দুস সালাম সর্দার, সভাপতি, রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: আবুল কালাম আজাদ চাকুরী বিধীমালা-১৯৭৯, ধারা ১১- এর উপধারা (সি) (ই) (এফ) (জ) (এইচ) এবং জনবল কাঠামো এম.পি.ও নীতিমালা ১৮.১ এর (গ) ধারা অনুযায়ী অপনাধ করেছেন। আমরা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ও বিভিন্ন সময়ে যেমন: সরকারী বই বিক্রয় এম.পি.ও জালিয়াতী, নিজের নিয়োগে জালিয়াতীসহ বিভিন্ন অনৈতিক কার্যকলাপের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের স্বার্থে উক্ত প্রধান শিক্ষককে অপসারণ করা একান্ত প্রয়োজন। বরখাস্তকালীন সময় সহকারী প্রধান শিক্ষক জনাব আবু জাফর বিশ্বাস, ইন্ডেক্স নং- ১০০৮১৭১ কে দায়িত্ব পালন করার জন্য আপনার নিকট আবেদন করছি।

অতএব, মহোদয়ের নিকট প্রার্থনা উপরিউক্ত বিষয় বিবেচনা পূর্বক প্রধান শিক্ষক মো: আবু কালাম আজাদ-কে স্থায়ী অব্যাহতি এবং সহকারী প্রধান শিক্ষক জনাব আবু জাফর বিশ্বাস-কে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করিতে আপনার সদয় মর্জি হয়।

সভাপতি



আব্দুস সালাম সর্দার

রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়

মহম্মদপুর, মাগুরা।

মোবা: ০১৭১৫-৯৬৭৫৫২।